# RAMAKRISHNA VIVEKANANDA MISSION
# Model Answer For Annual Exam – 2020
# Subject – Bengali
# Class - II

**F.M. – 100**

১। **‘নোটবই’** কবিতাটি কবির নাম সহ প্রথম আট লাইন লেখো । [৮+২=১০]

<u>নোটবই</u>

এই দেখো পেনসিল, নোটবুক এ হাতে
এই দেখো ভরা সব কিলবিল লেখাতে,
ভালো কথা শুনি যেই চটপট লিখি তায় -
ফড়িঙের ক-টা ঠ্যাং, আরশুলা কী কী খায় ?
আঙুলেতে আঠা দিলে কেন লাগে চটচট,
কাতুকুতু দিলে গোরু কেন করে ছটফট ।
দেখে শিখে পড়ে শুনে বসে মাথা ঘামিয়ে
নিজে নিজে আগাগোড়া লিখে গেছি আমিএ ।

সুকুমার রায়

**২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-**

**ক) অর্থ লেখো :-** [১০]

| | |
|---|---|
| সমীর = বাতাস | ঝাপসা = অস্পষ্ট |
| খটকা = সন্দেহ | মতলব = ফন্দি |
| ধুমধাম = জাঁকজমক | মলিন = ম্লান |
| বন্দোবস্ত = ব্যবস্থা | বাতায়ন = জানালা |
| সার্থক = সফল | ফরাস = বাতিওয়ালা |

**খ) বিপরীত শব্দ লেখো :-** [১০]

| | |
|---|---|
| ওস্তাদ = আনাড়ি | সার্থক = ব্যর্থ |
| সরেস = নিরস | আলো = আধার |
| উষ্ণ = শীতল | নিভে এল = জ্বলে উঠল |
| অশান্ত = শান্ত | দুস্থ = সচ্ছল |
| তুষ্ট = রুষ্ট | অপ্রসন্ন = প্রসন্ন |

**গ) এক কথায় কী বলে লেখো :-** [১০]

(i) চাক্যচিক্য ভরা - **জমকালো**

(ii) যখন ভিক্ষাও মেলে না - **দুর্ভিক্ষ**

(iii) ঘোড়ায় টানা গাড়ি - **শ্যাকড়া গাড়ি**

(iv) নৌকায় কাঠের মেজে - **পাটাতন**

(v) যে কাঠ ঘষে আগুন জ্বালায় - **অরনি**

(vi) কাচে ঘেরা আলো - **সেজ**

(vii) যুদ্ধের বাজনার ঢাক - **দুন্দুভি**

(viii) কেড়ে নেওয়া - **দখল**

(ix) দেবতাকে নিবেদিত - **প্রসাদ**

(x) পশুর জোর ডাক - **গর্জন**

**ঘ) শূন্যস্থান পূরণ করো :-** [১০]

(i) মা ছেলেকে **সোহাগ** করছে ।

(ii) বিয়ে বাড়িতে অনেক **ধুমধাম** ।

(iii) **টাকশাল** টাকা পয়সা তৈরির জায়গা ।

(iv) দু-জনে **পাল্লা** দিয়ে দৌড়াচ্ছে ।

(v) নদীর **স্রোতে** নৌকা ভেসে চলেছে ।

(vi) অতিরিক্ত খেয়ে সে এখন **হাঁসফাঁস** করছে ।

(vii) পাশ করতে পারলে তবেই পড়াশুনা **সার্থক** ।

(viii) রাস্তার পাশে **রাবিশ** জমে আছে ।

(ix) সবাই আমাকে **ইশারায়** থামতে বলে ।

(x) আমরা কিন্তু **ইস্তফা** দেব ।

**ঙ) বাক্য রচনা করো :-** [৫]

গল্প = আমার **গল্প** শুনতে খুব ভালো লাগে ।

গয়না = সোনার **গয়না** খুব দামি ।

ধুমধাম = আমাদের বাড়িতে **ধুমধাম** করে দূর্গা পুজো হয় ।

ক্ষতি = কখনো কারো **ক্ষতি** করা উচিত নয় ।

কিরন = সূর্যের **কিরন** শরীরের পক্ষে ভালো ।

**৩। নিম্নলিখিত প্রশ্নগুলির এককথায় উত্তর দাও :-** [১x ১০= ১০]

**ক) প্রসন্ন সূর্যালোক কোথায় এসে পড়ছে ?**

উ: প্রসন্ন সূর্যালোক মুখে এসে পড়ছে ।

**খ) হল্লার রাজার শত্রু কে ?**

উ: হল্লার রাজার শত্রু শুন্ডির রাজা ।

**গ) ওপারের গাছপালা কেমন দেখাচ্ছে ?**

উ: ওপারের গাছপালা ঝাপসা দেখাচ্ছে ।

**ঘ) কোথায় দুর্ভিক্ষ হয়েছিল ?**

উ: ওড়িশায় দুর্ভিক্ষ হয়েছিল ।

**ঙ) পুকুর ভরাট করা হচ্ছে কী দিয়ে ?**

উ: পুকুর ভরাট করা হচ্ছে রাবিশ দিয়ে ।

**চ) নৌকায় কতজন মাঝি ছিল ?**

উ: নৌকায় তিনজন মাঝি ছিল ।

**ছ) কাদের মধ্যে ঝগড়া বেধেছিল ?**

উ: পাল ও দাঁড়ের মধ্যে ঝগড়া বেধেছিল ।

**জ) দাঁড় কীসের সঙ্গে বাধা থাকে ?**

উ: দাঁড় নৌকার নীচে পাটাতনের সঙ্গে বাধা থাকে ।

**ঝ) মায়ের কী গয়না ছিল ?**

উ: মায়ের গয়না বলতে ছিল হাতে রুপোর খাড়ু ।

**ঞ) বাঘা কী করে ?**

উ: বাঘা বাজনা বাজায় ।

**৪। প্রশ্নগুলির উত্তর দাও :-** [৫x৫=২৫]

**ক) 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' কবিতাটিতে কোন সময়ের কথা বলা হয়েছে ? ওপারের গাছপালা ঝাপসা দেখাচ্ছে কেন ? বর্ষার দিনে কী মনে পড়ে যায় ?** [১+২+২]

উ: 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' কবিতাটিতে বর্ষার সময়ের কথা বলা হয়েছে ।

ওপারের গাছপালা ঝাপসা দেখাচ্ছে কারণ ওপারে আকাশে মেঘ জমেছে এবং বৃষ্টি হচ্ছে ।

বর্ষার দিনে ছেলেবেলার 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর , নদে এল বান' - এই গানটি মনে পড়ে যায় ।

**খ) বিদ্যাসাগরের বাবা ও মায়ের নাম কী ? গরিব-দুঃখীদের খাওয়ানো কার ইচ্ছা ? ছেলের রোজগার কীভাবে হয় ?** [২+১+২]

উ: বিদ্যাসাগরের বাবার নাম ঠাকুরদাস বন্দোপাধ্যায় ও মায়ের নাম ভগবতী দেবী ।

গরিব-দুঃখীদের খাওয়ানো বিদ্যাসাগরের মায়ের ইচ্ছা ।

ছেলের রোজগার হয় বই লিখে ও বই বিক্রি করে ।কারণ তিনি ছিলেন বিদ্যার সাগর । তাঁর জ্ঞান ছিলো অপরিসিম ।

**গ) ফরাসের কাজ কী ছিল ? তখন কী কী যানবাহন ছিল কলকাতায় ? গঙ্গার জল পুকুরে আসত কীভাবে ?** [১+২+২]

উ: ফরাসের কাজ ছিল সন্ধ্যাবেলায় ঘরে ঘরে রেড়ির তেলের আলো জ্বালিয়ে দেওয়া ।

তখন শহরে শ্যাকড়া গাড়ি, পালকি এবং ভাগের গাড়ি ইত্যাদি যানবাহন কলকাতায় দেখা যেত ।

গঙ্গার জল পুকুরে আসত রাস্তার ধারে বাধানো নালা দিয়ে । জোয়ারের সময় এই নালা দিয়েই জল পুকুরে এসে পড়ত ।

**ঘ) মহাজনি নৌকা কী ? পাল ও দাঁড় এই দুয়ের মধ্যে কার প্রয়োজন বেশী ? ঝড়ঝাপটায় কে নৌকা চালায় ?** [২+২+১]

উ: মহাজন শব্দের অর্থ যে ব্যক্তি মূলধন জোগায় । এই মূলধন প্রদানকারী ব্যক্তি ব্যবসা বানিজ্যের জন্য যে নৌকা ক্রয় করে কাজে লাগায় তাকে বলে মহাজনি নৌকা ।

পাল ও দাঁড় দু-এর মধ্যে দাঁড়ের প্রয়োজন বেশী । কারণ একটু জোড়ে হাওয়া দিলে পালকে গুটিয়ে ফেলতে হয় । কিন্তু যতই ঝড় ঝাপটা, উজান, ভাটা হোক না কেন দাঁড় নৌকাকে ঠিক টেনে নিয়ে যায় ।

ঝড়ঝাপটায় দাঁড়ই নৌকা চালায়, পালকে তখন গুটিয়ে রাখতে হয় ।

**ঙ) 'পরদিন থেকে ওপি ও বাঘা কাজে লেগে গেল'- তারা কী কী কাজ করল ?** [৫]

উ: হল্লার রাজার মুখে বিপদের কথা শুনে গুপি ও বাঘা দিন কতক ধরে রোজ রাত্রে শুন্ডি যেতে লাগল এবং রাজবাড়ির আশে পাশে ঘুরে সেখানকার খবর নিতে থাকে । যুদ্ধের ভয়ংকর আয়োজন দেখে তারা একদিন ভূতের দেওয়া থলির কাছে নতুন ধরনের

মিষ্টি চাইল যা খুব সরেস খেতে হবে । তারপর তারা সেই মিষ্টি নিয়ে শুন্ডির রাজার ঠাকুর বাড়ির মন্দিরের চূড়ায় উঠে বসে এবং পূজো চলাকালীন সেই মিষ্টিগুলি নীচে ঢেলে দেয় । যা খেয়ে আঙিনা সুদ্ধলোক পাগলের মতো কাড়া কাড়ি আর কিচির মিচির করতে লাগল । তারা এটাকে দেবতার প্রসাদ মনে করলো । এই খবর মহারাজের কানে পৌছালো এবং তিনিও গুপি-বাঘাকে দেবতা ভেবে ভুল করলেন । এই সুযোগে তারা শুন্ডির রাজাকে হল্লার রাজার কাছে নিয়ে এল ।

## রামায়ন

**১। শূন্যস্থান পূরণ করো :-** [৫]

ক) অযোধ্যা নগরী **সরযু** নদীর তীরে অবস্থিত ।

খ) রামচন্দ্র **পরশুরামের** দর্পচূর্ন করলেন ।

গ) রাম-লক্ষন-সীতা **পুস্পক** রথে চেপে অযোধ্যা ফিরলেন ।

ঘ) রামের নির্দেশে **নলবীর** সমুদ্র বন্ধনের জন্য এগিয়ে এল ।

ঙ) রাবন **শুক ও সারন** নামে দুজন গুপ্তচর পাঠিয়ে দিল ।

**২। প্রশ্নগুলির উত্তর দাও :-** [৫]

**ক) দশরথের কয় রানী ? তাদের নাম কী ?**

উ: দশরথের তিন রানী ।

তাদের নাম - কৌশল্যা, কৈকেয়ী ও সুমিত্রা ।

**খ) পুত্র সন্তান লাভের জন্য দশরথ কী যজ্ঞ করেছিলেন ?**

উ: পুত্রসন্তান লাভের জন্য দশরথ অশ্বমেধ ও পুত্রেষ্ঠি যজ্ঞ করেছিলেন ।

**গ) রাবনের মৃত্যুর পর লঙ্কার সিংহাসনে কে বসল ?**

উ: রাবনের মৃত্যুর পর লঙ্কার সিংহাসনে তার ভাই বিভীষন বসল ।

**ঘ) রাক্ষসেরা কুম্ভকর্নের ঘুম কীভাবে ভাঙিয়েছিলেন ?**

উ: অনেক ঢাক-ঢোল-কাড়া-নাকাড়া বাজিয়েও যখন কুম্ভকর্নের ঘুম ভাঙল না তখন একপাল হাতি তার গায়ে উঠিয়ে দিয়ে রাক্ষসেরা তার ঘুম ভাঙিয়েছিলেন ।

**ঙ) সীতাদেবীকে কী পরীক্ষা দিতে হয়েছিল ?**

উ: সীতাদেবীকে অগ্নিপরীক্ষা পরীক্ষা দিতে হয়েছিল ।